# গাজীপুর সিটি কর্পোরেশন

## ওয়ার্ড নং-০৫, জোন নং-০৮

স্মারক নং- জিসিসি/ওয়ার্ড-০৫/ জোন-০৮/চলতি কোয়ার্টার (জানুয়ারি-মার্চ/২০২৩ তারিখঃ ১২/০২/২০২৩খ্রিঃ

### সভার নোটিশ

সম্মানিত সুধী,

আস্সালামু আলাইকুম, এতদ্বারা আপনার সদয় অবগতির জন্য জানানো যাইতেছে যে, আগামী ১৬.০২.২০২৩খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর চলতি কোয়ার্টার (জানু-মার্চ/২৩) এর এক জরুরী সভা ০৫ নং ওয়ার্ড কার্যালয়ে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় আপনার উপস্থিতি ও সুচিন্তিত মতামত কামনা করছি।

আলোচ্য সূচীঃ

০১. বিগত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন।
০২. আন্তার্জাতিক মাতৃভাষা দিবস পালন বিষয়ে আলোচনা।
০৩. জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন বিষয়ে আলোচনা ।

আলহাজ্ব দবির সরকার
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড
গাজীপুর সিটি কর্পোরেশন
8205760765

# গাজীপুর সিটি কর্পোরেশন

## গাজীপুর

০৫ নং ওয়ার্ডের WLCC এর চলতি কোয়ার্টার (জানু-মার্চ) সভার কার্যবিবরনী

সভাপতি ঃ আলহাজ্ব মোঃ দবির সরকার
কাউন্সিলর, ০৫নং ওয়ার্ড, গাজীপুর সিটি কর্পোরেশন ।

স্থান ঃ ০৫ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়।

সভার তারিখ ঃ ১৬/০২/২০২৩খ্রিঃ রোজ বৃহস্পতিবার।

সময় ঃ সকাল-১০.০০ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা ঃ পরিশিষ্ট- "ক" তে উপস্থাপন করা হ'ল।

সভার শুরুতে সভাপতি মহোদয় গাজীপুর সিটি কর্পোরেশনের কার্যক্রম সচল ও গতিশীল করার লক্ষ্যে উপস্থিত সবাইকে আন্তরিক অভিনন্দন ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব মোঃ সোহেল রানা বিগত সভার কার্যবিবরনী পড়ে শুনান। অতঃপর আলোচ্য সূচি অনুযায়ী নিম্নে বর্নিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১.বিগত মাসিক সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন। | সভার সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জিসিজি ০৫ নং ওয়ার্ড সচিব বিগত সভার কার্যবিবরনী সভায় পড়ে শুনান। | বিগত সভার কার্যবিবরনীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মত ভাবে গৃহিত হয়। |
| ০২। আন্তার্জাতিক মাতৃভাষা দিবস পালন বিষয়ে আলোচনা। | সভার সদস্য সচিব মোঃ সোহেল রানা বলেন আপানারা সকলেই জানেন আগামী ২১শে ফেব্রুয়ারি মহান আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। ঐ দিনে আমাদের মাতৃভাষার জন্য জীবন দিয়েছেন সালাম, জব্বার, রফিক, শফিক, বরকত সহ আরো অনেকেই। ভাষার জন্য জীবন সারা বিশ্বে এক বিরল দৃষ্ঠান্ত। তাই দিনটি যথাযথ মর্যাদায় পালন করার জন্য সকলের দৃষ্টি আকর্ষন করেন। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ২১শে ফেব্রুয়ারি দিনটি যথায়থ সম্মানের সাথে পালন করার জন্য মিলাদ আয়োজন করা, শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, ভাষা শহীদের সংগ্রামী জীবনের ইতিহাস নতুন প্রজন্মের কাছে তুলে ধরতে নাটিকা আয়োজন সহ সকল বিষয়ে সর্বসম্মত সিধান্ত গৃহিত হয়। |

| | | |
|---|---|---|
| ০৩। জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন বিষয়ে আলোচনা । | সভায় উপস্থিত সভাপতি মহোদয় বলেন যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দেশে কোন শিশু জন্মের সাথে সাথে নিবন্ধন নিশ্চিত করার জন্য বলা হয়েছে এবং কেউ মৃত্যু বরণ করলে মৃত্যু নিবন্ধন করা বাধ্যতামুলক করা হয়েছে। এক্ষেত্রে ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার বিষয়ে বাধ্য বাধকতা রয়েছে। তারপরও দেখা যাচ্ছে অনেকেই এ বিষয়ে উদসীন। যা মোটেই একজন সুনাগরিকের কাজ নয়। অনেকেই জন্ম নিবন্ধন করার ক্ষেত্রে অসদউপায় অবলম্বন করে থাকে যা আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তাদের আইনের আওতায় আনছে , অনেকেই শাস্তি ও পাচ্ছে । তাই ০৫ নং ওয়ার্ডে সুষ্ঠভাবে নিবন্ধন করনে সকলের সহোযোগিতা কামনা করেন। | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কর নিবন্ধন কাযক্রম গতিশীল করতে মাইকিং করন, মসজিদে আগত মুসল্লীদের ইমামের মাধ্যমে অবহিত করন, বিদ্যালয়গুলোতে শিক্ষদের মাধ্যমে অভিবাবকদের অবহিত করার বিষয়ে সর্বসম্মত সিধান্ত গৃহিত হয়। |

অতপর সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভায় গৃহিত সিদ্ধান্ত গুলি বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভাপতি মহোদয় উপস্থিত সবাই কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

আলহাজ্ব মোঃ দবির সরকার
সভাপতি
ও
কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড
গাজীপুর সিটি কর্পোরেশন
তারিখঃ ২২।০২।২৬

পরিশিষ্ট 'ক'

ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের হাজিরার তালিকা।

| ক্রমিক নং | সদস্যগণের নাম | কমিটিতে পদবী | সাক্ষর |
|---|---|---|---|
| ০১ | আলহাজ্ব মোঃ দবির সরকার | সভাপতি | |
| ০২ | মিসেস মাহমুদা আক্তার মুক্তি | সহ-সভাপতি | |
| ০৩ | দেওয়ান মোঃ জালাল উদ্দিন | সদস্য | |
| ০৪ | শাহীন আক্তার | সদস্য | |
| ০৫ | মোঃ আমজাদ হোসেন সংবাদিক | সদস্য | |
| ০৬ | মোঃ জসিম সরকার | সদস্য | |
| ০৭ | মোহাম্মদ আলী মহন | সদস্য | |
| ০৮ | নাজনীন সুলতানা | সদস্য | |
| ০৯ | মোঃ কাশেম আলী সরকার | সদস্য | |
| ১০ | মোঃ সামছুল আলম | সদস্য | |
| ১১ | সায়মা আক্তার ইতি | সদস্য | |
| ১২ | মোসাঃ নাসরিন আক্তার নাজমা | সদস্য | |
| ১৩ | মোঃ সিরাজুল ইসলাম | সদস্য | |
| ১৪ | মোঃ লোকমান | সদস্য | |
| ১৫ | মোঃ সোহেল রানা | সদস্য সচিব | |